# HAZARATPUR HIGH SCHOOL (H.S)

## 2nd Summative Evaluation - 2025

**শ্রেণি : ষষ্ঠ** **বিষয় : পরিবেশ ও বিজ্ঞান** **পূর্ণমান : ৫০ | সময় : ১ ঘণ্টা ৪৫ মি.**

---

**১। সঠিক উত্তরটি নির্বাচন করো : ১×৭=৭**

১.১ তড়িৎপ্রবাহের একক হল–

(a) অ্যাম্পিয়ার (b) কেলভিন (c) ক্যান্ডেলা (d) মিটার

১.২ উদ্ভিদের বৃদ্ধি মাপার যন্ত্রের নাম হল–

(a) থার্মোমিটার (b) অক্সানোমিটার (c) স্টেথোস্কোপ (d) টেলিস্কোপ

১.৩ প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হল–

(a) মিথেন (b) অক্সিজেন (c) হাইড্রোজেন (d) নাইট্রোজেন

১.৪ স্টেইনলেস স্টিল তৈরি করতে লোহার সঙ্গে ব্যবহার করা হয়–

(a) তামা (b) অ্যালুমিনিয়াম (c) ক্রোমিয়াম (d) টিন

১.৫ মানুষের হৃৎস্পন্দন মিনিটে–

(a) ২২ বার (b) ৫২ বার (c) ৭২ বার (d) ৮২ বার

১.৬ আমাদের কনুইতে আছে–

(a) পিভট সন্ধি (b) হিঞ্জ সন্ধি (c) স্যাডল সন্ধি (d) বল ও সকেট সন্ধি

১.৭ SI-তে ওজনের একক হল–

(a) কিলোগ্রাম (b) মিটার (c) নিউটন (d) গ্রাম

**২। শূন্যস্থান পূরণ করো : ১×৭=৭**

(ক) রক্তকে জমাট বাঁধতে সাহায্য করে ..............................।

(খ) অস্থিগুলি একে অপরের সঙ্গে .............................. দিয়ে যুক্ত থাকে।

(গ) তরলের আয়তন মাপতে আমরা .............................. ব্যবহার করি।

(ঘ) বক্সাইট হল .............................. এর প্রধান আকরিক।

(ঙ) দৈর্ঘ্য হল একটি .............................. রাশি।

(চ) বেলেপাথর একটি .............................. শিলার উদাহরণ।

(ছ) দশ শতাংশ সূত্রের প্রবক্তা বিজ্ঞানী ..............................।

HAZARNOTES.COM

### ৩। একটি বাক্যে উত্তর দাও : ১×৭=৭

(ক) চুনাপাথরের পরিবর্তিত রূপটি কী?

(খ) লোহা ছাড়া অন্য একটি চৌম্বক পদার্থের নাম লেখো।

(গ) ফড়িং কোন শ্রেণির খাদক?

(ঘ) একটি অনবীকরণযোগ্য শক্তির উদাহরণ দাও।

(ঙ) ট্রফিক লেভেল কী?

(চ) ধমনি দিয়ে কী ধরনের রক্ত প্রবাহিত হয়?

(ছ) ভিটামিন সি-এর অভাব হলে আমাদের শরীরে কী সমস্যা দেখা যায়?

### ৪। উক্তিটি সত্য না মিথ্যা লেখো : ১×৬=৬

(ক) মানুষের হৃৎপিণ্ডে পাঁচটি কুঠুরি থাকে।

(খ) সৌরকুকার চালু করা হলে যান্ত্রিক শক্তি তাপশক্তিতে রূপান্তরিত হয়।

(গ) উচ্চতা সাধারণত সেন্টিমিটার স্কেলে মাপা হয়।

(ঘ) ক্ষেত্রফলের পরিমাপ জানতে আমরা দৈর্ঘ্যের সঙ্গে প্রস্থ গুণ করি।

(ঙ) ফুসফুসের কাজ শরীরে রক্ত চলাচলে সাহায্য করা।

(চ) পাকস্থলীর পেশি হল এক ধরনের কঙ্কাল পেশি।

### ৫। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) ঝামা পাথরে ছিদ্র দেখা যায় কেন?

(খ) সৌরদিন কী?

(গ) খাদ্যশৃঙ্খলটি সম্পূর্ণ করো : .................... → ফড়িং .................... → সাপ → ময়ূর।

(ঘ) দুটি শ্বাসপেশির নাম লেখো।

### ৬। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ৫×৩=১৫

**(ক)** ফসিল বা জীবাশ্ম কীভাবে তৈরি হয়? জীবাশ্ম জ্বালানির উদাহরণ দাও। ৩+২

**(খ)** বাঁধের তলদেশ সবসময় চওড়া করা হয় কেন? দেশলাই কাঠির বারুদের দিকটা বাক্সের গায়ে ঘষলে আগুন জ্বলে ওঠে কেন? ঢাক বাজলে কোন শক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয়? ২+২+১

**(গ)** ফুসফুসীয় শিরা দিয়ে কী ধরণের রক্ত প্রবাহিত হয়? হৃৎস্পন্দন বলতে কী বোঝো? রক্তের কাজ কী? ১+১+৩